# সৌদি পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে তারেক রহমানের বৈঠক



ছবি: সংগৃহীত

জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রী প্রিন্স ফয়সাল বিন ফারহান বিন আবদুল্লাহ আল সৌদের সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

শুক্রবার (২৫ সেপ্টেম্বর) নিউইয়র্কে জাতিসংঘ সদর দফতরের ইউএন বাইলেটারাল বুথ (জিএএল-৭)-এ বৈঠকটি অনুষ্ঠিত হয়। আলোচনায় বাংলাদেশ ও সৌদি আরবের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদারের পাশাপাশি দ্বিপক্ষীয় সহযোগিতা, বাণিজ্য-বিনিয়োগ, জনশক্তি ও উন্নয়ন সহযোগিতার বিষয় উঠে আসে। আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন ইস্যুতেও মতবিনিময় করেন তারা।

বৈঠকে দুই দেশের সম্পর্ককে আরও বিস্তৃত করার ওপর গুরুত্ব দেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বাংলাদেশে সৌদি বিনিয়োগ ও অর্থনৈতিক সহযোগিতা বাড়ানোর সম্ভাবনাও আলোচনায় আসে। অন্যদিকে, বাংলাদেশ-সৌদি সম্পর্ক আরও এগিয়ে নিতে সৌদি আরবের আগ্রহের কথা জানান দেশটির পররাষ্ট্রমন্ত্রী।